দৈনিক খবর

তারিখ 06 JAN 1999
পৃষ্ঠা 7 কলাম 3

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র



ইসলামী বিশ্ববিদ্যালয় গাজীপুর থেকে কুষ্টিয়ার শান্তিডাঙ্গায় স্থানান্তরের ঘোষণা বাতিলের দাবীতে বাংলাদেশ মাদ্রাসা ছাত্র আন্দোলন পরিষদ কর্তৃক আয়োজিত সাংবাদিক সম্মেলন

# মাদ্রাসা ছাত্র আন্দোলন পরিষদের অভিযোগ

॥ স্টাফ রিপোর্টার ॥

বাংলাদেশ মাদ্রাসা ছাত্র আন্দোলন পরিষদ ইসলামী বিশ্ববিদ্যালয় গাজীপুর থেকে কুষ্টিয়ার শান্তিডাঙ্গায় স্থানান্তর ঘোষণা বাতিলের দাবী করে বলেছে, মাদ্রাসা শিক্ষাব্যবস্থার প্রসারতা রোধ করার জন্যই সরকার এ ব্যবস্থা গ্রহণ করেছে। অবিলম্বে এ চক্রান্তমূলক সিদ্ধান্ত বাতিল করে গাজীপুরেই বিশ্ববিদ্যালয় রাখতে হবে। অন্যথায় কর্তৃপক্ষের এ ঘোষণা বাতিলে বাধ্য করা হবে।

গতকাল বুধবার বিকেলে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে পরিষদের আহবায়ক মুহাম্মদ আবুল কালাম আজাদ এক প্রশ্নের জবাবে বলেন, যুক্তি দেখিয়েই ইসলামী বিশ্ববিদ্যালয় গাজীপুরে তিন বছর আগে স্থানান্তর করা হয়। কিন্তু আজকে কোন যুক্তি ছাড়াই ষড়যন্ত্রমূলক গাজীপুর থেকে বিশ্ববিদ্যালয় সরিয়ে নেয়ার কথা বলা হয়েছে। মাদ্রাসা ছাত্রদের উচ্চ শিক্ষা থেকে বঞ্চিত করার জন্যেই এটা করা হচ্ছে। মাদ্রাসা শিক্ষার সম্প্রসারণের লক্ষ্যেই রাজধানীর উপকণ্ঠে বিশ্ববিদ্যালয় প্রয়োজন বলেই জনগণ এ দাবী করেছিল। দরকার হলে সরকার কুষ্টিয়াতে আরেকটি বিশ্ববিদ্যালয় স্থাপন করুন। একটা নিয়ে এতো টানা হ্যাচড়া কেন, তা আমরা বুঝি না। সরকারের এ ঘোষণা বাতিল না হওয়া পর্যন্ত আন্দোলন চলবে। এ লক্ষ্যে ৯ ও ১০ই জানুয়ারী ঢাকা ও এলাকায় প্রতিবাদ সমাবেশ এবং ১১ই জানুয়ারী সারাদেশের মাদ্রাসা বন্ধ থাকার কর্মসূচীও তিনি ঘোষণা করেন।

সাংবাদিক সম্মেলনে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন, নাজমুল হক সাঈদী, মিজানুর রহমান, আসম আবদুল ফাত্তাহ ও আবদুস সোবহান।

## জামায়াতের বিবৃতি

জামায়াতে ইসলামী বাংলাদেশ-এর সেক্রেটারী জেনারেল মতিউর রহমান নিজামী গাজীপুর জেলার টংগী থেকে ইসলামী বিশ্ববিদ্যালয় কুষ্টিয়া-ঝিনাইদহ জেলার সীমান্তবর্তী এলাকার শান্তিডাঙ্গায় স্থানান্তরের সিদ্ধান্তের তীব্র প্রতিবাদ করে বলেন, সরকারের এ সিদ্ধান্ত সম্পূর্ণ অযৌক্তিক ও অপ্রত্যাশিত। এ সিদ্ধান্তের ফলে ৯ শতাধিক ছাত্রের ভবিষ্যৎ অনিশ্চিত হয়ে পড়েছে। কুষ্টিয়া-ঝিনাইদহ জেলার সীমান্তবর্তী এলাকার শান্তিডাঙ্গায় আরো একটি ইসলামী বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হতে পারে বলেও তিনি উল্লেখ করেন।